

## 💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (৮৯) রাসূলগণ যে বিষয়ের আদেশ দিতেন এবং যা থেকে নিষেধ করতেন সে ক্ষেত্রে কি সকলের দাওয়াত এক ছিল?

উত্তরঃ ইবাদতের মূল বুনিয়াদের ক্ষেত্রে শুরু থেকে শেষ পর্যন্ত সকল রাসূলের দাওয়াত ছিল এক। আর তা হচ্ছে তাওহীদ। তাওহীদের মর্ম হচ্ছে অন্তরে বিশ্বাস, জবানের কথা ও অঙ্গ-প্রত্যঙ্গের কর্ম অর্থাৎ সকল প্রকার এবাদত একমাত্র আল্লাহ্ তা'আলার জন্য নির্ধারণ করা এবং আল্লাহ্ ছাড়া যেসব বিষয়ের এবাদত করা হয়, তা অস্বীকার ও প্রত্যাখ্যান করা।

তবে আহকাম ও ফারায়েজের ক্ষেত্রে কথা এই যে, আল্লাহ্ তা'আলা কোন কোন উদ্মতের উপর এমন কিছু নামায-রোজা ফরজ করেন, যা অন্যদের উপর ফরজ করেন না। আবার কতক উদ্মতের উপর এমন কিছু বিষয় হারাম করেন, যা অন্যদের উপর হারাম করেন না। আল্লাহ্ তা'আলা তাঁর বান্দাদেরকে পরীক্ষা করার জন্য তা করেন। আল্লাহ্ তা'আলা বলেনঃ

الَّذِي خَلَقَ الْمَوْتَ وَالْحَيَاةَ لِيَبْلُوكُمْ أَيُّكُمْ أَيُّكُمْ أَحْسَنُ عَمَلًا

'থিনি মৃত্যু ও জীবন সৃষ্টি করেছেন তোমাদেরকে পরীক্ষা করার জন্য, কে তোমাদের মধ্যে আমলের দিক দিয়ে সর্বোত্তম''। (সুরা মুলকঃ ২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11903

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন